

ব্রাহ্মণের প্রেম দেখি বৈষ্ণব সকল।
 গ্রাম্য লোক সঙ্গে মিশে বলে হরিবল।।
 নগরবাসিনী বামাগণে বলে হরি!
 সাধুসেবা জন্য আনে চাল তরকারী।।
 সাধুসেবা মহোৎসব তাহাতে হইল।
 দ্রব্যাদি উদ্ধৃত আরো কতই রহিল।।
 সদাগর দত্ত সহস্রেক মুদ্রা ছিল।
 লীলাজী চরণে দস্যু সব এনে দিল।।
 লীলাজী বলিল ‘সব দিলে যে আমায়।
 খাইতে পরিতে বাপু তোর কি উপায়?
 বিপ্র বলে “এতদিন দেখেছি খাইয়া।
 খাইয়া ফুরা’তে নারি আপনার দয়া।।
 যে ধন আমারে প্রভু করেছেন দান।
 ত্রিভুবনে ধন নাই তাহার সমান।।
 সত্যভামা ব্রতকালে দান নিল মুনি।
 উদ্ধব লিখিয়া দিল নাম চিত্তামণি।।
 সে ধন মিশ্রিত রস যে বা করে পান।
 সুস্বাদ নাহিক আর সে সুখা সমান।।
 দয়া করি সেই সুখা খেতে দিলে মোরে।
 পেট ভরে খেলে সুখা আরো ক্ষুধা বাড়ে।।
 হেন যদি জ্ঞান করি আমি বড় দীন।
 উচ্চশৃঙ্গে টেনে তুলে তোমার কৌপিন।।
 ভব গৃহে তব ভাব শয্যায় শয়ন।
 নিদ্রাদেবী চৌকি দেন থাকিয়া চেতন।।
 তব আশীর্বাদ মোর বাস বহিবর্বাস।
 বাসে বাসে দেশে দেশে গৌরদেশে বাস।।
 রাজদূত দণ্ড দিত মোরে চোর জেনে।
 দূত রাজভেট দেয় রাজলক্ষ্মী সনে।।
 তোমার মহিমা প্রভু জানিল সকলে।
 কল্যা-চোর অদ্য-সাধু তব কৃপাবলে।।
 তব মন্ত্র বল এবে হইল প্রকাশ।
 ব্রহ্মপদ হ’তে উচ্চপদ কৃষ্ণ-দাস।।

এসব বিভব দেখে মনে আসে হাসি।
 ভক্তসহ মুক্তিদেবী হইয়াছে দাসী।।”
 এত শুনি লীলাজীও ধরি দিল কোল।
 প্রেমানন্দে সাধুগণে বলে হরিবোল।।
 গুরু কহে ‘এবে কর তীর্থ পর্যটন’
 দ্বিজ কহে ‘তীর্থ-রাজ তব শ্রীচরণ।।’
 গুরু গহে ‘সব লোকে করে গিয়া তীর্থ।
 গয়াধামে পিণ্ড দিলে ত্রিকুল পবিত্র।।
 শিষ্য বলে ‘কর্ণে মন্ত্র দিয়াছ যে মাত্র।
 তদবধি কোটিকুল স্বর্গে করে নৃত্য।।’
 পতিতপাবন যত বৈষ্ণব সমাজ।
 গেল দিন কহে দীন কবি-রসরাজ।।



শাপত্রষ্টা ব্রাহ্মণীর টিকটিকি

রূপ ধারণ ও মোক্ষণ

গুরু সঙ্গে শিষ্য কহে মধুর বচন।
 হেনকালে শুন এক আশ্চর্য ঘটন।।
 দৈবে চাল হ’তে এক টিকটিকি পড়ি।
 গভিণী অবস্থা গেল পেট ফেটে মরি।।
 টিকটিকি মরে গুরু সান্ধাতে পড়িয়া।
 দ্বিজ কৃষ্ণদাস কাঁদে গড়াগড়ি দিয়া।।
 গুরুর সম্মুখে কেন জীব হত্যা হ’ল?
 পেট ফাটি গড়াগড়ি কত কষ্টে ম’ল।।
 তাহাতে এতেক কষ্ট টিকটিকি পেল।
 ‘কি হ’ল কি হ’ল বলে কাঁদিতে লাগিল।।
 “এত কষ্টে গুরুদেব জেঠীর মরণ।
 দেখে দুঃখে বুক ফাটে প্রাণ উচাটন।।”
 হরি! হরি! বলি দ্বিজ কাঁদিতে লাগিল।
 ভগ্ন ডিম্ব হ’তে ছানা বাহির হইল।।
 গুরু কহে, ছানা বাঁচে আর কাঁদ বৃথা।
 বিপ্র কহে, ‘কষ্ট পেল এই মম ব্যথা।।’